

## আপনি জানেন কি?

- প্রতি বছর, পিপিও হাজার হাজার **অভিযোগ** নিয়ে কাজ করে। **অভিবাসন সংক্রান্ত বন্দীদের অভিযোগসমূহও এর অন্তর্ভুক্ত।**
- এসব অভিযোগের প্রেক্ষিতে, পিপিও গত বছর কারাগার এবং অভিবাসন অপসারণ সেন্টারগুলোর উদ্দেশ্যে **প্রায় এক হাজার সুপারিশ করেছে।**
- আমাদের তদন্তের ফলাফল সমস্ত দেশ জুড়ে অভিবাসন সংক্রান্ত আটকবস্থাকে **বন্দীদের জন্য অধিকতর সুষ্ঠু ও নিরাপদ** করে তোলে।

"আমি, এবং নিশ্চয় আরও অনেক বন্দী, ভাগ্যবান যে আমাদের একটি স্বাধীন সংস্থা আছে যার কাছে সাহায্যের জন্য যেতে পারি। আপনাকে ধন্যবাদ।"

অভিযোগকারী এ,  
HMP Northumberland

## পিপিও সম্পর্কে সত্যটি কি

- আমরা হোম অফিস কিংবা ইমিগ্রেশন এনফোর্সমেন্টের জন্য কাজ করি না। পিপিও সম্পূর্ণ স্বাধীন।
- আইআরসি **আপনার অভিযোগ পড়বে না এবং তা আপনার বিরুদ্ধে ব্যবহৃত হবে না।**
- আমরা প্রতি বছর হাজার হাজার অভিযোগ পাই। **আমরা আপনারটাও পাবো।**
- যদি আমরা আপনার অভিযোগের সাথে একমত হই, তাহলে আপনার কাছে **ক্ষমা চাওয়া হতে পারে; আপনাকে ক্ষতিপূরণ দেওয়া হতে পারে; এমনকি সেন্টারের কাজের ধারায় পরিবর্তনও আনা হতে পারে।**
- আমরা আপনার অভিযোগ **পাওয়ার ১০ দিনের মধ্যে** উত্তর দিতে চেষ্টা করি।

আচ্ছা, তাহলে আমি কি বিষয়ে অভিযোগ করতে পারবো?

## আপনি কি কি অভিযোগ করতে পারবেন?

**আপনার প্রতি কর্মচারীদের ব্যবহার থেকে শুরু করে আপনার হারিয়ে যাওয়া সম্পত্তি পর্যন্ত নানা বিষয়ে আপনি পিপিও বরাবর অভিযোগ করতে পারেন।**

তবে, কিছু কিছু বিষয় আছে যা আমরা তদন্ত করতে পারবো না:

- আপনার ইমিগ্রেশন মামলা।
- চিকিৎসাসেবা সম্পর্কিত অভিযোগ।
- সাধারণ নিয়ম হিসাবে, আপনার মূল অভিযোগ সম্পর্কে অভিবাসন অপসারণ কেন্দ্র থেকে চূড়ান্ত উত্তর পাওয়ার পর ৩ মাসের বেশি অতিক্রান্ত হলে।
- অভিযোগটি অবশ্যই আপনার সাথে ঘটা কোনো বিষয়ে হতে হবে, অন্য কারো ঘটনা প্রসঙ্গে নয়।

# কিভাবে অভিযোগ করতে হবে

তাহলে, আমি কিভাবে পিপিও বরাবর অভিযোগ করতে পারি?

নিশ্চিত করুন যাতে আপনি তিনটি সহজ পদক্ষেপ অনুসরণ করেন। **যদি না করেন, সেক্ষেত্রে তারা তদন্ত করতে পারবে না।**

- 1 প্রথমে নিশ্চিত হয়ে নিন যে আপনি অভিবাসন অপসারণ কেন্দ্রের অভিযোগ প্রক্রিয়াটি সম্পূর্ণরূপে পড়েছেন/ জেনেছেন।
- 2 আপনার অভিযোগের বিষয় এবং কেন আপনি এখনও নাখোশ, সে ব্যাপারে একটি সংক্ষিপ্ত নোট লিখে আমাদের জানান।
- 3 আপনার সব কাগজপত্র আমাদেরকে পাঠান - অভিবাসন অপসারণ কেন্দ্রের সব অভিযোগ ফর্মসহ।

# কোথায় পাঠাবেন আপনার অভিযোগ

আমার সব কাগজপত্র কোথায় পাঠাবো?

আপনার অভিযোগের সব কাগজপত্র এই ঠিকানায় পাঠান:

Prisons and Probation Ombudsman  
PO Box 70769  
London  
SE1P 4XY

বিনামূল্যে ওষাডসম্যান বরাবর চিঠি পাঠান।

“এই তদন্ত সম্পাদনের জন্য যে সময় ও শ্রম দিয়েছেন সেজন্য ধন্যবাদ, এটা অত্যন্ত প্রশংসনীয়।”

অভিযোগকারী বি,  
HMP Kennet

Prisons &  
Probation  
Ombudsman  
Independent Investigations

কিভাবে ওষাডসম্যান বরাবর অভিযোগ করতে হবে

